মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৬০৪২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৩৯৮৩

তারিখ: ১৫-০৬-২০২১

বিষয়: অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৭-০৫-২০২১ তারিখের আবেদন (আইডি- (৬৩১৪)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন শাহাবাজপুর মাধ্যমিক বিদ্যালয় এর নিয়মিত ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: জাহাঙ্গীর আলমের বিরুদ্ধে অনিয়ম, দুর্নীতি ও নিয়োগ বাণিজ্য সংক্রান্ত বিষয়ে জনাব মো: রবিউল আলম একটি অভিযোগ দাখিল করেছেন। তিনি অভিযোগে উল্লেখ করেছেন যে, প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক নিয়োগ দিয়ে কয়েক লক্ষ টাকা সভাপতি আত্মসাত করেছেন।বিভিন্ন উন্নয়ের নামে বিদ্যালয়ের নিজস্ব তহবিল থেকে টাকা উত্তোলন পূর্বক উন্নয়নমূলক কাজ না করে ভূয়া ভাউচার দেখিয়ে টাকা আত্মসাত করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-০৬-২০২১
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
০৪২১-৬৮৬৩৪

উপজেলা নির্বাহী অফিসার
যশোর সদর, যশোর।

নথি নং-বিঅ-৬/৬০৪২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৩৯৮৩ (৫)

তারিখ: ১৫-০৬-২০২১

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা শিক্ষা অফিসার, যশোর।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, যশোর সদর, যশোর।
৩। প্রধান শিক্ষক, শাহাবাজপুর মাধ্যমিক বিদ্যালয়, যশোর সদর, যশোর।
৪। অভিযোগকারী জনাব মো: রবিউল আলম, পিতা:- মৃত ইসাহক আলী, গ্রাম:- শাহাবাজপুর, তীরেরহাট, যশোর সদর, যশোর।
৫। অফিস নথি।

১৫-০৬-২০২১
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

বিষয়: যশোর সদর উপজেলাধীন ১নং হৈবতপুর ইউনিয়নের অন্তর্গত শাহাবাজপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মো: জাহাঙ্গীর আলমের বিরুদ্ধে অনিয়ম, দুর্নীতি, নিয়োগ বাণিজ্যের অভিযোগ তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণের আবেদন।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী শাহাবাজপুর মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রাক্তণ অভিভাবক ও বিদ্যোৎসাহী ব্যক্তি হিসাবে এলাকার প্রাচীনতম প্রায় শতবর্ষী শাহাবাজপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নসহ বিদ্যালয়টিকে ম্যানেজিং কমিটির সভাপতির রাহুগ্রাস থেকে মুক্ত করা সুমহান লক্ষ্যে চলমান কমিটির সভাপতি এবং এলাকার অন্যতম কুচক্রী মো: জাহাঙ্গীর আলমের বিরুদ্ধে নিম্ন লিখিত অভিযোগ সমূহ দায়ের করছি।

১. বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: আশরাফুল আলম ও সহকারী প্রধান শিক্ষক মো: শরিফুল ইসলামের কাছ থেকে নিয়োগকালীন সময়ে কয়েক লক্ষ টাকা বিদ্যালয়ের উন্নয়নের নামে গ্রহণ পূর্বক তা বিদ্যালয়ের তহবিলে জমা না দিয়ে আত্মসাতের সুস্পষ্ট প্রমান বিদ্যমান।

২. বিদ্যালয়ের দাতা সদস্য জনাব অরুণ কুমার তরফদারের সার্বিক সহযোগিতায় বিভিন্ন অনিয়ম, দুর্নীতি, নিয়োগ বাণিজ্যসহ শিক্ষককে হয়রানি, চাকুরীচ্যুৎ করার ভয় দেখিয়ে নিরব চাঁদাবাজি করে চলেছেন।

৩. এলাকার চিহ্নিত সন্ত্রাসীদেরকে বিভিন্ন উপলক্ষ্যে বিদ্যালয় মাঠে সমবেত করে ম্যানেজিং কমিটির অন্যান্য সদস্য ও শিক্ষকদের উপর মানসিক চাপ প্রয়োগসহ জিম্মি করে স্বার্থ সিদ্ধি করে চলেছেন।

৪. বিভিন্ন উন্নয়নের নামে বিদ্যালয়ের নিজস্ব তহবিল থেকে টাকা উত্তোলন পূর্বক উন্নয়নমূলক কাজ না করে ভূয়া ভাউচার দেখিয়ে ক্রমাগত ভাবে আত্মসাৎ করে চলেছেন।

৫. নিয়োগ বাণিজ্যের প্রয়াসে সভাপতি মহোদয় বিদ্যালয়ে ০২ (দুই) জন ৪র্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগ দানের পায়তারা চালাচ্ছেন।

অতএব, জনাব সমীপে আবেদন, বিষয়টি তদন্তপূর্বক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে জনাবের একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক

মো: রবিউল আলম

(মো: রবিউল আলম) 01912988414

পিং-মৃত ইসাহক আলী